গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

**সমাজসেবা অধিদপ্তরের সদর কার্যালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণে অনুষ্ঠিত জানুয়ারি ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

**সভাপতি:** মহাপরিচালক (অ:দা:), সমাজসেবা অধিদপ্তর।
**তারিখ ও সময়:** ২২ জানুয়ারি ২০২৬; বেলা ১০:৩০ ঘটিকা।
**স্থান:** জুম প্ল্যাটফর্ম (অনলাইন)।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সাম্প্রতিক সময়ে অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের প্রশংসা করেন এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে সকলকে সতর্কতার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সঞ্চালক সভার এজেন্ডাভিত্তিক আলোচনা শুরু করেন। সভায় নিম্নবর্ণিত ১১টি এজেন্ডার ওপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় দৃঢ়ীকরণের জন্য উপস্থাপন করা হয়। | কোন সংশোধন প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। | |
| ০২ | **বাজেট ও ইকোনমিক কোড ব্যবস্থাপনা** | সহকারি পরিচালক (অর্থ) জানান, ১৬টি ক্যাটাগরির অফিসের জন্য প্রয়োজনীয় ইকোনমিক কোড (লাইসেন্স ফি, গাড়ির রক্ষণাবেক্ষণ ইত্যাদি) তৈরির প্রস্তাব মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। পাওয়ার অব ডেলিগেশন অনুযায়ী মাঠ পর্যায়ে বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মাঠ পর্যায়ের অফিসগুলোতে ইকোনমিক কোড বরাদ্দ নিশ্চিত করতে প্রশাসনিক মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (বাজেট ও অর্থ) এবং সহকারি পরিচালক (অর্থ) |
| ০৩ | **অভ্যন্তরীণ নিরীক্ষা ও প্রশাসনিক ব্যবস্থা** | পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা জানান ১০৩৬টি অফিসের অডিট সম্পন্ন হয়েছে। মাঠ পর্যায়ে কেনাকাটা, স্টক ও বিতরণ রেজিস্টারে ব্যাপক অসঙ্গতি এবং নিবাসীদের মালামাল বিতরণে অনিয়ম পাওয়া গেছে। অনেক কর্মকর্তার পেশাগত দক্ষতার অভাব রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৩.১ অডিট আপত্তি সংক্রান্ত ত্রুটি-বিচ্যুতি লিখিত আকারে প্রতিবেদন আগামী ৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে।<br>৩.২ অনিয়মের সাথে জড়িতদের বিরুদ্ধে কঠোর বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩.৩ স্টক ও বিতরণ রেজিস্টার যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে। | সকল বিভাগীয় পরিচালক ও সংশ্লিষ্ট উপ-পরিচালকবৃন্দ |
| ০৪ | **ই-জিপি টেন্ডার ও আউটসোর্সিং** | উপপরিচালক (প্রশাসন) জানান, আউটসোর্সিংয়ের ৪০৫ জন জনবল নিয়োগের ই-জিপি টেন্ডার লাইভে যাচ্ছে। পত্রিকায় বিজ্ঞাপন ও শিডিউল মেইনটেইন করার বিষয়ে আলোচনা হয়।<br>সভাপতি জানান, ই-জিপি বা টেন্ডার প্রক্রিয়ায় কোনো সমস্যা হলে নিজ উদ্যোগে স্থানীয় প্রকৌশল দপ্তর (LGED/PWD) থেকে হাতে-কলমে শেখার ও সতর্কভাবে | ৪.১ ই-জিপি টেন্ডার কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে।<br>৪.২ ই-জিপি বা আইডি খোলার ক্ষেত্রে কোনো সমস্যা হলে সদর দপ্তরের সহকারী পরিচালক (জনাব জাহাঙ্গীর কবীর)-এর সহায়তা নিতে হবে।<br>৪.৩ পরিচালক (প্রশাসন ও অর্থ) কে প্রধান করে আর তিন শাখার অতিরিক্ত পরিচালক ও উপপরিচালক (প্রশাসন) কে | পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সংশ্লিষ্ট কমিটি |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | ব্যবহার করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | নিয়ে পাঁচ সদস্যের একটি কমিটি গঠন করতে হবে। | |
| ০৫ | জেলা সমাজসেবা কমপ্লেক্সের আয় বৃদ্ধি | মাঠ পর্যায় থেকে জানানো হয়, ৬৪ জেলা কমপ্লেক্সের আবাসিক/ডরমেটরি সুবিধা ব্যবহারের কোনো সুনির্দিষ্ট নীতিমালা না থাকায় সরকার রাজস্ব হারাচ্ছে সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৫.১) জেলা সমাজসেবা কমপ্লেক্স ব্যবহার ও আয় বৃদ্ধি সংক্রান্ত নীতিমালা প্রণয়নের জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ)-কে আহ্বায়ক করে ৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে (সদর দপ্তর-২, মাঠ পর্যায়ের পরিচালক-২, উপপরিচালক-২ জন ও মন্ত্রণালয়-৩ জন)। গঠিত কমিটি ১৫ ফেব্রুয়ারির মধ্যে খসড়া প্রতিবেদন দাখিল করবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) ও গঠিত কমিটি |
| ০৬ | সামাজিক নিরাপত্তা কর্মসূচি (ভাতা বিতরণ) | পরিচালক (সামাজিক নিরাপত্তা) জানান, ক্যান্সার ও কিডনি রোগীদের ২য় কিস্তির টাকা ছাড় হয়েছে, তবে ২৮টি জেলায় ১ম কিস্তির কার্যক্রম এখনও প্রক্রিয়াধীন। ইএফটি (EFT) কনফার্মেশন পেতে বিলম্ব হওয়া, সুবিধাভোগীদের ফিঙ্গারপ্রিন্ট বা এনআইডি জটিলতার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৬.১ ভাতাভোগীদের টাকা দ্রুত বিতরণ নিশ্চিত করতে হবে এবং ৩০ জুনের মধ্যে অর্থ ব্যয় সম্পন্ন করতে হবে।<br>৬.২ যাদের এনআইডি বা ফিঙ্গারপ্রিন্ট সমস্যা, তাদের ক্ষেত্রে অভিভাবকের এনআইডি বা ম্যানুয়াল পদ্ধতিতে যাচাই করে আপাতত অর্থ বিতরণ অব্যাহত রাখতে হবে।<br>৬.৩ ক্যান্সার ও কিডনি রোগীদের ১ম ও ২য় কিস্তির বিতরণ শেষে দ্রুত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | পরিচালক (সামাজিক নিরাপত্তা) ও সকল উপ-পরিচালক |
| ০৭ | প্রতিষ্ঠান পরিচালনা (মেরামত ও টেন্ডার) | পরিচালক (প্রতিষ্ঠান) জানান, মেরামতের প্রস্তাবের বিপরীতে মন্ত্রণালয় হতে এ সংক্রান্ত কাজের ছবি চেয়েছে। 'ঙ' গ্রুপের টেন্ডার নিয়ে মাঠ পর্যায়ে অস্পষ্টতা রয়েছে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৭.১ মেরামতের প্রস্তাব পাঠানো প্রতিষ্ঠানসমূহকে আগামী ২ দিনের মধ্যে ক্যাপশনসহ ছবি প্রেরণ করতে হবে।<br>৭.২ 'ঙ' গ্রুপের টেন্ডার বা কোডভিত্তিক ক্রয়ের বিষয়ে একটি স্পষ্টীকরণ পত্র মাঠ পর্যায়ে জারি করতে হবে। | পরিচালক (প্রতিষ্ঠান) |
| ০৮ | কার্যক্রম (আরএমসি ও আরএসএস) | পরিচালক (কার্যক্রম) জানান, নতুন করে কোনো আরএমসি এর আওতায় কোন মাতৃকেন্দ্র খোলা যাবে না। হাসপাতালের এমওইউ এবং নীতিমালা চূড়ান্ত পর্যায়ে থাকার বিষয়টি সভায় অবহিত করেন। | ৮.১ নতুন মাতৃকেন্দ্র খোলা যাবে না এবং পুরাতন কেন্দ্রের মাধ্যমেই অর্থ বিতরণ করতে হবে।<br>৮.২ স্বাবলম্বী হওয়া এলাকা থেকে তহবিল প্রত্যাহার (Withdraw) করে নতুন এলাকায় প্রদানের ব্যবস্থা নিতে হবে। | পরিচালক (কার্যক্রম) |
| ০৯ | কেন্দ্রীয় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা | সভায় জানানো হয়, বিগত ৭-৮ বছর ধরে কেন্দ্রীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়নি। এ বছর ক্রীড়া (২৫.৬৮ লক্ষ টাকা) ও সাংস্কৃতিক (৪৫ লক্ষ টাকা) খাতের বরাদ্দ ব্যবহার না হলে আগামীতে বাজেট কর্তনের সম্ভাবনা আছে। আসন্ন জাতীয় নির্বাচন (ফেব্রুয়ারির ২য় সপ্তাহ) ও এরপর রমজান মাস থাকায় সময় অত্যন্ত কম এই নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৯.১ আগামী **১৪ ও ১৫ ফেব্রুয়ারি ২০২৫** (সম্ভাব্য) তারিখে ঢাকায় কেন্দ্রীয় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করতে হবে।<br>৯.২ এ লক্ষ্যে পরিচালক (প্রতিষ্ঠান)-কে আহবায়ক করে সকল বিভাগীয় পরিচালক ও সদর দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে ১৫/১৭ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করতে হবে।<br>৯.৩ বিভাগীয় পর্যায়ে বিজয়ী (১ম, ২য়, ৩য় স্থান) প্রতিযোগীদের তালিকা ২৬ জানুয়ারির মধ্যেই সদর দপ্তরে পাঠাতে | পরিচালক (প্রতিষ্ঠান) ও সংশ্লিষ্ট কমিটি |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | | হবে।<br>৯.৪ দ্রুত একটি ভার্চুয়াল মিটিং করে অনুষ্ঠান আয়োজনের রূপরেখা চূড়ান্ত করতে হবে। | |
| ১০ | **প্রশিক্ষণ, গবেষণা ও পেশাগত কোর্স** | জাতীয় সমাজসেবা একাডেমির অধ্যক্ষ জানান, প্রফেশনাল মাষ্টার্স কোর্স প্রবর্তন ও পেশাগত স্বীকৃতি অর্জনের বিষয়ে মহাপরিচালক কর্তৃক প্রেরিত পত্রের আলোকে একটি সুনির্দিষ্ট প্রস্তাবনা পরিচালক, সমাজকল্যাণ ও গবেষণা ইনষ্টিটিউট, ঢাবি থেকে পাওয়া যায়। যা মহাপরিচালক মহোদয়কে অবগত করা হয়।<br><br>চলতি ২০২৫-২৬ অর্থবছরে একাডেমিক বার্ষিক কর্মপরিকল্পনা অনুসারে ৯ম গ্রেডের কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ প্রস্তাবনা মহাপরিচালক কর্তৃক অনুমোদিত হয়েছে।<br><br>সমাজসেবা অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম সমন্বয় সাধনের নিমিত্ত **‘জাতীয় সমাজসেবা একাডেমি ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহ সমন্বয় ও পরিচালনা নির্দেশিকা-২০২৫’** প্রণয়ন করা হয়েছে এবং মহাপরিচালক কর্তৃক ৩০-১২-২০২৫ পরিপত্র আকারে জারী করা হয়েছে।<br><br>বিরাজমান **‘কিশোর অপরাধ ও সামাজিক অবক্ষয় প্রতিরোধকল্পে বিদ্যালয় সমাজকর্ম ব্যবস্থার প্রবর্তন’** শীর্ষক একটি পাইলটিং প্রকল্প বিগত ২০২২-২৩ অর্থবছরে ইনোভেশন আইডিয়া হিসেবে গৃহীত ও বাস্তবায়িত হয় মর্মে সভায় আলোচনা হয়। | ১০.১ সুপারিশ মোতাবেক প্রাপ্ত প্রস্তাবনা পর্যালোচনা করা এবং একটি সমৃদ্ধ প্রস্তাবনা সুপারিশ সহকারে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য একটি সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে একটি কমিটি গঠনের বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>১০.২ অনুমোদিত প্রস্তাবনার আলোকে বর্ণিত বুনিয়াদি প্রশিক্ষণ আগামী জাতীয় সংসদ নির্বাচনের পর আয়োজন করতে হবে।<br><br>১০.৩ **‘জাতীয় সমাজসেবা একাডেমি ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহ সমন্বয় ও পরিচালনা নির্দেশিকা-২০২৫’ এর আলোকে** প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে।<br><br>১০.৪ বর্ণিত সম্পাদিত ইনোভেশন প্রকল্পটি পরিকল্পনা শাখার মাধ্যমে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি |
| ১১ | **বিবিধ (ড্রাইভারদের টিএ/ডিএ)** | মাঠ পর্যায় থেকে প্রশ্নের প্রেক্ষিতে, গাড়ী চালকরা সফরের সময় টিএ/ডিএ বিল করলে তারা অধিকাল ভাতা পাবে কিনা এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১১.১ গাড়ী চালকরা ঢাকার বাইরে বা রাত্রীযাপন করলে টিএ/ডিএ পাবেন। আর নিজ কর্মস্থলে নির্ধারিত সময়ের পরে দায়িত্ব পালন করলে অধিকাল ভাতা পাবেন। এ বিষয়ে প্রয়োজনে স্পষ্টীকরণ পত্র জারি করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |

পরিশেষে, সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানান এবং আসন্ন নির্বাচন উপলক্ষ্যে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২/১/২৬

মোঃ কামাল উদ্দিন বিশ্বাস
মহাপরিচালক (অ: দা:)
ও
সভাপতি
সমাজসেবা অধিদপ্তর

নম্বর: ৪১.০১.০০০০.০০০.০২০.০৬.০০০২.২৪. ৫৭

তারিখ: ১৫ মাঘ ১৪৩২
২৯ জানুয়ারি ২০২৫

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, (সকল)।
৫. জাতীয় প্রকল্প পরিচালক, চাইল্ড সেনসিটিভ সোস্যাল প্রটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি) সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬. কর্মসূচি পরিচালক, সমন্বিত শিশু প্রশিক্ষণ ও পুর্নবাসন কেন্দ্র/প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।প্রকল্প পরিচালক, সরকারি শিশু পরিবার ও ছোটমনি নিবাস নির্মাণ/পুনঃনির্মাণ শীর্ষক প্রকল্প, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. প্রকল্প পরিচালক, ISO-5।
৮. অতিরিক্ত পরিচালক (সকল), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৯. অধ্যক্ষ, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর/জাতীয় সমাজসেবা একাডেমি, ঢাকা।
১০. উপপরিচালক (সকল), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১১. উপপরিচালক (সকল), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র।
১২. অধ্যক্ষ (উপপরিচালক), মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান, রউফাবাদ, চট্টগ্রাম।
১৩. উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয় ।
১৪. উপপরিচালক, ইআরসিপিএইচ, টংগী, গাজীপুর।
১৫. মহাব্যবস্থাপক (সকল), এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ।
১৬. তত্ত্বাবধায়ক, শিশু উন্নয়ন কেন্দ্র, টঙ্গী/গাজীপুর/যশোর।
১৭. দপ্তর প্রশাসক, ডি-নথি সিস্টেম, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
১৮. সহকারী পরিচালক (প্রশাসন-১,২/অর্থ/প্রকাশনা/সংগঠন ও ব্যবস্থাপনা/গুদাম ও যানবাহন), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৯. জনাব.......................................................................... ।

২৯/০১/২০২৫

(মোহাম্মদ রেজাউর রহমান)
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
ফোন : ৪৮১১৮৫৬৫
ই-মেইল: dd.pub@dss.gov.bd